ভোরের কাগজ

44

তারিখ AUG 19 1999
পৃষ্ঠা 18 কলাম 6

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## শিক্ষা মন্ত্রণালয়

## বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং শাঃ ১৩/২-২ (ইউকে)/৯৯/৬৭২

তারিখ : ১০/৮/৯৯

# বিজ্ঞপ্তি

বিষয় : **কমনওয়েলথ বৃত্তি (যুক্তরাজ্য)-২০০০।**

কমনওয়েলথ (যুক্তরাজ্য) বৃত্তির আওতায় অধ্যয়নের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| | বৃত্তির নাম | অধ্যয়নের পর্যায় | সুযোগ সংখ্যা |
|---|---|---|---|
| (ক) | কমনওয়েলথ যুক্তরাজ্য-২০০০ | মাস্টার্স ডিগ্রী/মেডিসিন ও ডেন্টিষ্ট্রি ১ বৎসর মেয়াদী প্রশিক্ষণ | ১৬ |
| (খ) | কমনওয়েলথ যুক্তরাজ্য-২০০০ | ডক্টরাল বা সমপর্যায়ের ডিগ্রী | ২৪ |

২। আবেদন সকল বিষয়ের জন্য উন্মুক্ত থাকবে। মাস্টার্স বা ডক্টরাল যে কোন একটি পর্যায়ের জন্য আবেদন করা যাবে। কোন প্রার্থী মাত্র একটি বিষয়ের জন্য আবেদন করতে পারবেন। তিনি সর্বশেষ কোর্সে যে বিষয়ে অধ্যয়ন করেছেন সেই বিষয়ের জন্যই আবেদন করবেন। তবে প্রার্থিত বিষয়ে বাংলাদেশে অধ্যয়নের সুযোগ না থাকলে সংশ্লিষ্ট অন্য বিষয়ে উত্তীর্ণ প্রার্থীও আবেদন করতে পারবেন।

৩। যে কোন পর্যায়ে আবেদন করার জন্য প্রার্থীর শিক্ষা জীবনে কোন তৃতীয় বিভাগ থাকবে না। কলা/মানবিক ও বাণিজ্য বিভাগের এবং পরিবেশ বিজ্ঞান, কম্পিউটার বিজ্ঞান ও ফরেষ্ট্রি বিষয়ে প্রার্থীদের স্নাতকোত্তরসহ শিক্ষা জীবনে অন্তত ৩টি প্রথম বিভাগ এবং বিজ্ঞান বিভাগের প্রার্থীর ক্ষেত্রে এস. এস. সি হতে স্নাতকোত্তর পর্যন্ত সকল পরীক্ষায় প্রথম বিভাগ থাকতে হবে। ৪ বৎসর মেয়াদী স্নাতক ডিগ্রীধারী (ইঞ্জিনিয়ারিং, কৃষি ইত্যাদি) প্রার্থীদের ক্ষেত্রে এস. এস. সি হতে স্নাতক পর্যন্ত সকল পরীক্ষায় প্রথম শ্রেণী ডিগ্রী এবং মেডিসিন বিষয়ের জন্য সকল পরীক্ষায় প্রথম বিভাগসহ এম. বি. বি. এস/বি. ডি. এস পরীক্ষার সকল পার্টে ৬০% নম্বর থাকতে হবে।

৪। আগামী **৩০/৯/৯৯ তারিখের** মধ্যে নিম্নবর্ণিত ছক অনুযায়ী ইংরেজীতে (অনুবাদ করে নিতে হবে) ৮ (আট) কপি দরখাস্ত সচিব, **বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরে-বাংলানগর, ঢাকা-এর বরাবরে প্রেরণ করতে হবে।** দরখাস্তের খামের উপর বৃত্তির নাম ও অধ্যয়নের পর্যায় উল্লেখ করতে হবে। দরখাস্তের সঙ্গে সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও মার্কসীটের সত্যায়িত কপি ও ১ কপি পাসপোর্ট আকারের ছবি সত্যায়িত করে প্রেরণ করতে হবে। টোফেল, আই ই এল টি এস, জি ম্যাট, জি আর ই ইত্যাদি পরীক্ষায় উত্তীর্ণ হলে তার নম্বর পত্রের সত্যায়িত কপি দিতে হবে। তাছাড়া স্ট্যাম্পযুক্ত নিজ ঠিকানা সম্বলিত একটি খাম দরখাস্তের সঙ্গে প্রেরণ করতে হবে।

৫। আবেদনপত্রের ছক নিম্নরূপ হবে :

**কমনওয়েলথ বৃত্তির জন্য আবেদন**

| | | |
|---|---|---|
| বৃত্তির নাম | কমনওয়েলথ বৃত্তি যুক্তরাজ্য-২০০০ | |
| অধ্যয়নের পর্যায় | মাস্টার্স ডিগ্রী | |
| | পোস্ট ডক্টরাল | |
| অধ্যয়নের বিষয় | | |

(প্রযোজ্য ঘরে টিক (√) চিহ্ন দিন এবং অধ্যয়নের বিষয় লিখুন)

(ক) প্রার্থীর নাম :
(খ) পিতার নাম :
(গ) বর্তমান ঠিকানা (টেলিগ্রাম অফিসসহ এবং টেলিফোন যদি থাকে) :
(ঘ) স্থায়ী ঠিকানা :
(ঙ) জন্ম তারিখ ও ১-১০-৯৯ তারিখে বয়স :
(চ) চাকুরীরত প্রার্থীর ক্ষেত্রে বর্তমান পদবী ও যোগদানের তারিখসহ প্রতিষ্ঠানের নাম :
(ছ) অন্য কোন বৃত্তির জন্য প্রাথমিকভাবে/চূড়ান্তভাবে নির্বাচিত হলে তার বিবরণ :
(জ) সকল পরীক্ষার ফলাফল :

| পরীক্ষার নাম | শাখা/বিষয় | পাশের সন | প্রাপ্ত বিভাগ ও নম্বর | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | প্রাপ্ত বিভাগ | পরীক্ষার মোট নম্বর | প্রাপ্ত মোট নম্বর | শতকরা হার |
| এস. এস. সি | | | | | | |
| এইচ. এস. সি | | | | | | |
| স্নাতক | | | | | | |
| স্নাতকোত্তর | | | | | | |
| অন্যান্য প্রাসংগিক পরীক্ষা | | | | | | |

(ঝ) টোফেল/জিআরই/আইইএলটিএস/জিম্যাট ইত্যাদিতে উত্তীর্ণ হলে উত্তীর্ণের তারিখসহ স্কোর :
(ঞ) পি. এইচ. ডি প্রার্থীদের ক্ষেত্রে স্বীকৃত জার্নালে প্রকাশনার বিবরণ (যদি থাকে) :

| আর্টিকেলের নাম ও বিষয় | জার্নালের নাম ও বিবরণ | শব্দ সংখ্যা | প্রকাশনার ভিত্তিতে কোন ডিগ্রি/ডিপ্লোমা/সনদ অর্জিত হলে তার বিবরণ |
|---|---|---|---|
| | দেশী/বিদেশী/আন্তর্জাতিক প্রকাশনা, স্থান ইত্যাদি | | |

প্রার্থীর পূর্ণ স্বাক্ষর ও তারিখ

৬। আবেদনপত্র (উপরের পূরণকৃত ছক) একটি 'ফুল স্কেপ' কাগজে টাইপ করে দাখিল করতে হবে। এক পৃষ্ঠায় সংকুলা[illegible] প্রকাশনার বিবরণ ভিন্ন কাগজে সংযুক্ত করা যাবে।

৭। প্রার্থীর বয়স অনুর্ধ্ব ৩৫ বৎসর হতে হবে (চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল করতে হবে)।

৮। যে সকল প্রার্থী কোন পরীক্ষায় নম্বরের পরিবর্তে গ্রেড পেয়েছেন, তাঁদের ক্ষেত্রে গ্রেডকে নম্বরে রূপান্তর করে দিতে হ[illegible] উহার স্বপক্ষে ভিন্ন কাগজে ক্যালকুলেশন দেখাতে হবে এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের এতদসংক্রান্ত প্রত্যয়নের সত্যায়িত ক[illegible] করতে হবে। অন্যথায় উহা বিবেচনায় আনা হবে না। মেডিসিনের প্রার্থীদের এম. বি. বি. এস ও বিডিএস এর প্রতি পা[illegible] সাল ও প্রাপ্ত নম্বর আলাদা কাগজে দেখাতে হবে এবং মোট ও গড় নম্বর মূল আবেদনে উল্লেখ করতে হবে। প্রকাশ[illegible] প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে এবং প্রকাশনাসমূহের কপি প্রার্থীদেরকে হাতে রাখতে হবে। প্রাথমিক পর্যায়ে [illegible] প্রার্থীদেরকে পত্রের মাধ্যমে জানানোর সাথে সাথে তা দাখিল করতে হবে।

৯। অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলে গণ্য হবে।

মোঃ মনজুরুল রহমান
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৮৬৫০৩২

ডিএফপি-১৭৬২৪-১১/৮/৯৯ (১০"×৩)
ডিস-১৮৭৩/৯৯